



ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগ

কেন্দ্রীয় কার্যালয় : ২৩ বঙ্গবন্ধু অ্যাভিনিউ, ঢাকা-১০০০। ফোন / ফ্যাক্স : ৯৫৮৫৭৮৮
E-mail: dhakacitysouthawamileague@gmail.com



তারিখ : ০৪-০৩-২০২১ ইং

প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এইচ টি ইমামের মৃত্যুতে ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগের শোক

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার রাজনৈতিক উপদেষ্টা ও স্বাধীন বাংলাদেশের প্রথম মন্ত্রিপরিষদ সচিব হোসেন তৌফিক ইমাম (এইচ টি ইমাম) এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব আবু আহমেদ মন্নাফী ও সাধারণ সম্পাদক আলহাজ্ব মোঃ হুমায়ুন কবির।

আজ এক শোকবার্তায় মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

শোকবার্তায় সভাপতি এবং সাধারণ সম্পাদক জানান, এইচ টি ইমাম এক বর্ণাঢ্য কর্মময় জীবনের অধিকারী ছিলেন। মহান মুক্তিযুদ্ধে ও স্বাধীনতা উত্তর বাংলাদেশে এইচ টি ইমামের অসামান্য অবদান জাতি কৃতজ্ঞতার সাথে স্মরণ করবে। প্রধানমন্ত্রীর উপদেষ্টা হিসেবেও তিনি অত্যন্ত দক্ষতা ও সাফল্যের সঙ্গে দায়িত্ব পালন করেছেন। তাঁর মত বিচক্ষণ ব্যক্তির মৃত্যু দেশের জন্য অপূরণীয় ক্ষতি।

উল্লেখ্য, প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এইচ টি ইমাম বুধবার (০৩ মার্চ) দিবাগত রাত আনুমানিক ১:১৫ টার দিকে রাজধানীর সম্মিলিত সামরিক হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি বার্ধক্যজনিত বিভিন্ন রোগে ভুগছিলেন।

বার্তা প্রেরক

(রিয়াজ উদ্দিন রিয়াজ)

দপ্তর সম্পাদক

ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগ

মোবাইল: ০১৭১২-৬৭৯৯৬৩